গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমী শক্তিশালীকরণ প্রকল্প
জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি
গাজীপুর-১৭০১
www.nata.gov.bd

স্মারক নং-১২.১৫.০০০০.০০৩.১১.০০৩.১৬.৯৭ | তারিখঃ ২৯/০৩/২০১৭ খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি কর্তৃক বাস্তবায়নাধীন জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমী শক্তিশালীকরণ প্রকল্পের আওতায় প্রকল্প মেয়াদকালীন (অক্টোবর ২০১৫ খ্রিঃ হতে জুন ২০২০ খ্রিঃ পর্যন্ত) সময়ের জন্য নিম্নবর্ণিত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নম্বর | পদের নাম | *বেতন গ্রেড | পদ সংখ্যা (জন) | বয়স (বছর) | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ০১ | হিসাব রক্ষক | গ্রেড-১৩ | ০১ | ১৮-৩০ | ১. বি.কম (অনার্স) / হিসাব শিক্ষায় বিবিএস (অনার্স) / সমমানের ডিগ্রী।<br>২. সংশ্লিষ্ট পদে কমপক্ষে ০২ বছরের কাজের বাস্তব অভিজ্ঞতা।<br>৩. কম্পিউটার চালানোর দক্ষতা থাকতে হবে। |
| ০২ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | গ্রেড-১৬ | ০২ | ১৮-৩০ | ১.স্বীকৃত শিক্ষা বোর্ড হতে ন্যূনতম এইচ.এস.সি/ সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>২.কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে Word processing, Data entry এবং Typing এ নিম্নরূপ গতি থাকতে হবে-<br>(ক) বাংলা ঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ<br>(খ) ইংরেজী ঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ |

*বিঃদ্রঃ বেতন গ্রেড অনুযায়ী সাকুল্য বেতন ও সরকার কর্তৃক ঘোষিত জাতীয় বেতন স্কেল, ২০১৫ প্রযোজ্য হবে।

**নিয়োগের শর্তাবলী ঃ**

১. নির্ধারিত ছক মোতাবেক আবেদনপত্র ও প্রয়োজনীয় কাগজপত্র সরকারি রেজিস্টার্ড ডাকযোগে প্রকল্প পরিচালক, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমী শক্তিশালীকরণ প্রকল্প, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি, গাজীপুর-১৭০১ বরাবর আগামী ২৭/০৪/২০১৭ খ্রিঃ (বৃহস্পতিবার) তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে পৌঁছাতে হবে। সরাসরি হাতে হাতে বা অন্য কোনভাবে আবেদনপত্র গ্রহণ করা হবে না। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। চাকরির আবেদন ফরমটি www.nata.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদনকারী কর্তৃক চাকরির আবেদন ফরমটি কম্পিউটারে (টাইপ করে) পূরণ করে নির্ধারিত স্থানে স্বহস্তে স্বাক্ষর করতে হবে।

২. আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে ঃ
২.১. সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদের সত্যায়িত ফটোকপি (প্রশংসাপত্র/মার্কসীট গ্রহণযোগ্য নয়);
২.২ সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ০৪ (চার) কপি রঙিন ছবি;
২.৩ প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের (নামসহ সীল দ্বারা) মূলকপি;
২.৪ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের মূলকপি;
২.৫ জাতীয় পরিচয়পত্র অথবা জন্মনিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি;
২.৬ কম্পিউটার ব্যবহার ও Data entry/টাইপিং শিক্ষার বিষয়ে অনুমোদিত প্রতিষ্ঠানের সনদপত্র এবং অভিজ্ঞতা (যদি থাকে) সনদপত্রের সত্যায়িত ফটোকপি;
২.৭ মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত মুক্তিযোদ্ধা সনদপত্রের ২টি সত্যায়িত কপি। মুক্তিযোদ্ধা সনদের ২টি সত্যায়িত ফটোকপির উপর প্রার্থীর নাম ও রেজিঃ নম্বর, মুক্তিযোদ্ধা সনদধারীর জন্মতারিখ এবং মুক্তিবার্তা/গেজেট নম্বর স্পষ্ট অক্ষরে হাতে লিখতে হবে;
২.৮ আবেদনকারী মহিলা মুক্তিযোদ্ধার সন্তান অথবা মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান /সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর অথবা পৌরসভার মেয়র/ কাউন্সিলর কর্তৃক মুক্তিযোদ্ধার স্বপক্ষে প্রদত্ত সার্টিফিকেটের ২টি সত্যায়িত কপি এবং পিতা মাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি;
২.৯ এতিমখানার নিবাসী ও শারিরিক প্রতিবন্ধী/ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী / গ্রাম প্রতিরক্ষা দল ও আনসার বাহিনীর সদস্যদের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

৩. প্রার্থীকে আবেদনপত্র প্রেরণের খামের উপর পদের নাম, কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও নিজ জেলা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। আবেদনপত্রের সাথে নিজ ঠিকানা (যে ঠিকানায় ইন্টারভিউ কার্ড পেতে ইচ্ছুক) উল্লেখ করে ১০/- (দশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকেট সম্বলিত ৯.৫×৪.৫ ইঞ্চি সাইজের ফেরত খাম সংযুক্ত করতে হবে।

৪. আবেদনকারীর বয়স ২৭/০৪/২০১৭ খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ (আঠার) এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার এবং প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত গ্রহণযোগ্য হবে। তবে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যার (নাতি-নাতনি) ক্ষেত্রে প্রার্থীর বয়স অনুর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর হতে হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৫. বিধিমতে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যার কোটা/ এতিমখানার নিবাসী ও শারিরিক প্রতিবন্ধী কোটা/মহিলা কোটা/ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটা/ আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্যদের কোটা অনুসরণ করা হবে।

৬. মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা কোটায় নির্বাচনের পূর্বে সংশ্লিষ্ট সকল সার্টিফিকেটের মূল কপি যাচাই করে সত্যতা সম্পর্কে নিশ্চিত করা হবে এবং নিয়োগের পূর্বে পুলিশ ভেরিফিকেশন সম্পন্ন করা হবে।

৭. চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।

৮. মৌখিক পরীক্ষার সময় আবেদনপত্রের সাথে সংযুক্ত সকল সনদপত্রের মূল কপি দেখাতে হবে।

৯. আবেদনকারীকে প্রকল্প পরিচালক, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমী শক্তিশালীকরণ প্রকল্প, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি, গাজীপুর-১৭০১ এর অনুকূলে পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা, ১-৪৩৩৬-৫০০০-২০৩১ কোড নম্বরে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংক এর নির্ধারিত শাখায় ট্রেজারী চালানে জমা দিয়ে চালানের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

১০. ছবি ও কাগজপত্র সত্যায়নের ক্ষেত্রে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা (নামসহ সীল দ্বারা) কর্তৃক সত্যায়িত হতে হবে।

১১. অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ছাড়াই বাতিল বলে গণ্য হবে।

১২. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকেই কেবল ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

১৩. আবেদনকারীকে লিখিত/ ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান প্রযোজ্য সকল বিধি-বিধান অনুসরণ করা হবে।

১৫. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২৯/০৩/২০১৭

মাহমুদুল হাসান
প্রকল্প পরিচালক
pdnata15@gmail.com